# দরপত্র বিজ্ঞপ্তি

**"প্রকিউরমেন্ট অব মডার্ণ ইক্যুইপমেন্ট এন্ড ফ্যাসিলিটিস ফর বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)"-শীর্ষক প্রকল্প**
**সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, প্রশাসনিক পরিদপ্তর, কিউ এন্ড অর্ডন্যান্স শাখা, ঢাকা**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগ | | | স্বরাষ্ট্র মন্ত্রণালয়। | | |
| ২। | সংস্থা | | | সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ। | | |
| ৩। | যে কাজের জন্য দরপত্র আহ্বান করা হলো | | | প্রকল্পের আওতাভুক্ত আধুনিক সরঞ্জামাদি ক্রয়/সরবরাহ। | | |
| ৪। | দরপত্র আহ্বানের সূত্র | | | ৪০০/২-এডিপি/XX/কিউ। | | |
| ৫। | তারিখ | | | ১৩ ফেব্রুয়ারি ২০১১। | | |
| ৬। | ক্রয় পদ্ধতি | | | জাতীয় উন্মুক্ত দরপত্র পদ্ধতি। | | |
| ৭। | টেন্ডার প্যাকেজ নম্বর | | | GD-8, GD-10, GD-11 & GD-14 | | |
| ৮। | দরপত্র প্রচারের তারিখ | | | ১৭ ফেব্রুয়ারি ২০১১। | | |
| ৯। | দরপত্র বিক্রির শেষ তারিখ | | | ১০ মার্চ ২০১১। | | |
| ১০। | দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় | | | ১৩ মার্চ ২০১১ইং তারিখ ১১৫৫ ঘটিকা। | | |
| ১১। | দরপত্র খোলার তারিখ ও সময় | | | ১৩ মার্চ ২০১১ইং তারিখ ১২০০ ঘটিকা। | | |
| ১২। | দরপত্র সিডিউল বিক্রি | | | সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, প্রশাসনিক পরিদপ্তর, কিউ এন্ড অর্ডন্যান্স শাখা, ঢাকা। | | |
| ১৩। | দরপত্রের দলিলাদি গ্রহণ ও খোলা | | | সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, কিউ এন্ড অর্ডন্যান্স শাখা, ঢাকা। | | |
| ১৪। | প্রাক-দরপত্র সভা (ঐচ্ছিক)ঃ স্থান, তারিখ ও সময় | | | সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, প্রশাসনিক পরিদপ্তর, কিউ এন্ড অর্ডন্যান্স শাখা, ০৭ মার্চ ২০১১ইং তারিখ ১২০০ ঘটিকা। | | |
| ১৫। | দরদাতার যোগ্যতা | | | ক। হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর ও ভ্যাট সনদপত্র।<br>খ। টেন্ডার মূল্যের সমপরিমাণ অর্থের ব্যাংক সলভ্যান্সি এবং ক্রেডিট সুবিধার সনদপত্র।<br>গ। সংশ্লিষ্ট কাজে ০২ বৎসরের ঠিকাদারীর যোগ্যতা সনদপত্র।<br>ঘ। প্রস্তুতকারকের (Manufacturer) সনদপত্র। | | |
| ১৬। | দরপত্র দলিলের মূল্য | | | ক্রমিক নং ১৮ এর জন্য ৪০০/- টাকা; ক্রমিক নং ১৯ এর জন্য ১,০০০/- টাকা; ক্রমিক নং ২০ এবং ২১ এর জন্য ২,০০০/- টাকা অফেরতযোগ্য, নগদ মূল্যে। | | |
| ১৭। | **প্যাকেজ এবং লটের পরিচিতি** | | | | | |
| | প্যাকেজের বিবরণ | সংক্ষিপ্ত বিবরণ | পরিমাণ | দরপত্রের জামানত | অবস্থান | সরবরাহের সময়সীমা |
| ১৮। | GD-8 | হাইড্রোলিক হ্যান্ড প্যালেট ট্রলি জ্যাক (MHE) ক্যাপাসিটিঃ ১০০০ কেজি | ০৫টি | ১০,০০০/- | কিউ এন্ড অর্ডঃ শাখা | ৪৫ দিন |
| ১৯। | GD-10 | জেনারেটর ক্যাপাসিটিঃ ৫-৮ কেভিএ | ২৫টি | ৭০,০০০/- | ,, | ৪৫ দিন |
| ২০। | GD-11 | ওয়াটার পিউরিফিকেশন সেট/ট্রিটমেন্ট প্ল্যান্ট ক্যাপাসিটিঃ $2m^3$/hour | ০৪টি | ৪,৫০,০০০/- | ,, | ৪৫ দিন |
| ২১। | GD-14 | প্রি-ফ্যাব্রিকেটেড স্টোরেজ ফ্যাসিলিটি ক্যাপাসিটিঃ ৫০০০ কেজি | ১৬টি | ৯,০০,০০০/- | ,, | ৪৫ দিন |
| ২২। | ২০১০-২০১১ অর্থ বৎসরে বা তৎপূর্বে বিজিবি'র সাথে চুক্তিকৃত পণ্য/মালামাল সরবরাহে ব্যর্থ/অসমাপ্ত থাকলে সংশ্লিষ্ট দরদাতা অযোগ্য বিবেচিত হবেন এবং এরূপ সরবরাহকারীকে দরপত্র সিডিউল প্রদান করা হবে না। | | | | | |
| ২৩। | দরপত্র আহ্বানকারীর পদবী ও ফোন নং | | | প্রকল্প পরিচালক, কিউ এন্ড অর্ডন্যান্স শাখা, ফোনঃ ৯৬৫০১৭৫-১২৩। | | |
| ২৪। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে ক্রয় কার্যাদেশ প্রদান করা হবে। | | | | | |
| ২৫। | সংগ্রাহক সত্তা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। | | | | | |

**প্রকল্প পরিচালক**
মহাপরিচালকের পক্ষে
সদর দপ্তর বিজিবি

www.bgb.gov.bd
জিডি-৭৯৯

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সংস্থা প্রশাসন: (বস্ত্র-১) শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-বপাম/স:প্র:ব:-১/ডিটিআই-২২/২০০৬/ তারিখ: ২৭/০১/২০১১খ্রি:

## বিষয়: সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব মো: আখতার হোসেন, ইন্সট্রাক্টর (নন-টেক) টেক্সটাইল ইনস্টিটিউট, জোরারগঞ্জ, চট্টগ্রাম এ কর্মরত থাকা অবস্থায় The Netherlands Fellowship Programme 2002-2003 এর অধীনে "Master of Science Course in Water Resources & Environmental Management (WREM-2)" শীর্ষক ১৮ মাসের ট্রেনিং কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়ের ০৩/০৯/২০০২ইং তারিখের ছাড়পত্র মোতাবেক সেপ্টেম্বর/০২ মাসে নিজ কর্মস্থল ত্যাগ করত: নেদারল্যান্ড গমণ করেন এবং অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয় ও দৈনিক জনকণ্ঠ এবং দি ডেইলি স্টার পত্রিকায় নোটিশ প্রকাশিত হয়; এবং

যেহেতু উক্ত কারণ দর্শানো নোটিশ প্রাপ্তিস্বীকারসহ নিবন্ধিত ডাকযোগে আপনার স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে "প্রাপক বিদেশে থাকায় তাই ফেরত দেওয়া হইল" অস্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে "তালাশে জানিতে পারিলাম প্রাপক প্রদত্ত ঠিকানায় বর্তমানে থাকে না তাই ফেরত দেয়া হল", ও কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হলে "প্রাপক অত্র প্রতিষ্ঠানে না থাকায় প্রেরকের নিকট ফেরত দেয়া হল", এ মর্মে পত্রগুলো ফেরত আসে।

যেহেতু আপনি পত্রিকায় প্রকাশিত কারণ দর্শানো নোটিশের কোন জবাব দাখিল করেননি ও ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন জানাননি। উহার প্রেক্ষিতে সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে কর্তৃপক্ষ এই সিদ্ধান্তে উপনীত হন যে, আপনার বিরুদ্ধে ছুটি বা অন্য কোন যুক্তিসংগত কারণ ব্যতীত নিজ কর্মস্থল হতে অনুপস্থিত থাকার আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। যার প্রেক্ষিতে কর্তৃপক্ষ উপরোক্ত বিধিমালার বিধি ৪(এ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৪/০৯/২০০২ইং তারিখ হতে আপনাকে চাকুরী হতে বরখাস্ত (ডিসমিস) করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এক্ষণে সেহেতু, উল্লেখিত বিধিমালার ৫(২) অনুযায়ী আপনাকে আপনার অননুমোদিত অনুপস্থিত তারিখ অর্থাৎ ০৪/০৯/২০০২ইং তারিখ হতে সরকারি চাকুরী হতে কেন আপনাকে বরখাস্ত করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩ (তিন) দিনের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে আপনার জবাব না পাওয়া গেলে আপনার সাথে আর কোন যোগাযোগ ছাড়া আপনার উপর উপরোক্ত শাস্তি চূড়ান্তভাবে আরোপ করা হবে।

**মোঃ আশরাফুল মকবুল**
সচিব

জনাব মোঃ আখতার হোসেন
ইন্সট্রাক্টর (নন-টেক), টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, চট্টগ্রাম।

স্থায়ী ঠিকানাঃ
জনাব মোঃ আখতার হোসেন, পিতা-মোঃ মোশারফ হোসেন
গ্রাম-বৈকণ্ঠপুর, ডাকঘর-সুধারামপুর, থানা-চাটখিল, জেলা-নোয়াখালী।

অস্থায়ী ঠিকানাঃ
জনাব মোঃ আখতার হোসেন, রেলওয়ে বাংলো নং-এল/৩৫
চার্জ লেইন (গীর্জা স্কুলের পার্শ্বে)
ডাকঘর-পাহাড়তলী-৪২০২, জেলা-চট্টগ্রাম।
জিডি-৮১০

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
## Bangladesh Power Development Board

ব্যবস্থাপক (পরিচালন)-এর দপ্তর
১-৪ ইউনিট
ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র
বিউবো, পলাশ, নরসিংদী

**"বিদ্যুৎ সাশ্রয়ী বাতি ব্যবহার করুন"**

স্মারক নং ঘোবিকে(পরি)হিসাব-১৬/২০১১/২০৬ তারিখঃ ০৫/০২/২০১১ইং

## খোলা দরপত্র বিজ্ঞপ্তি

ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্রের কেমিক্যাল প্ল্যান্টে ব্যবহারের জন্য কষ্টিক সোডা (ফ্লেইক্স) সরবরাহের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী খোলা দরপত্র আহ্বান করা যাইতেছে।

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয় | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। |
| ২ | এজেন্সি | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। |
| ৩ | দপ্তরের নাম | ব্যবস্থাপক (পরিচালন), ১-৪ ইউনিট, ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, পলাশ, নরসিংদী। |
| ৪ | দরপত্র পদ্ধতি | খোলা দরপত্র। |
| ৫ | ফান্ডের উৎস | বিপিডিবি রাজস্ব খাত। |
| ৬ | দরপত্রের প্যাকেজ নং | প্রযোজ্য নহে। |
| ৭ | আহ্বানকৃত দরপত্রের সূত্র এবং তারিখ | ঘোবিকে(পরিঃ)/হিসাব-১৬/২০১১/২০৬ তারিখঃ ০৫/০২/২০১১ইং। |
| ৮ | দরপত্রের নাম | ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্রের কেমিক্যাল প্ল্যান্টে ব্যবহারের জন্য কষ্টিক সোডা (ফ্লেইক্স) সংগ্রহের খোলা দরপত্র। |
| ৯ | সরবরাহের সময়সীমা | কন্ট্রাক্ট এগ্রিমেন্টের পর ২১ (একুশ) দিনের মধ্যে সরবরাহ করিতে হইবে। |
| ১০ | ঠিকাদারের যোগ্যতা | বিউবোর তালিকাভুক্ত ঠিকাদার/প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠান/উৎপাদনকারী প্রতিষ্ঠান তাঁহাদের ভ্যাট রেজিস্ট্রেশন, ট্রেড লাইসেন্স এবং আয়কর প্রদানের (টিআইএন) সনদপত্র হালনাগাদ, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট থাকিতে হইবে। দরপত্র দাখিলের সময় উল্লেখিত কাগজপত্র দরপত্রের সংগে দাখিল করিতে হইবে। সেই সংগে মালিকানা দলিল এবং প্রযোজ্য ক্ষেত্রে অথরাইজেশন পত্র দরপত্রের সংগে দাখিল করিতে হইবে। |
| ১১ | দরপত্রের মূল্য | ১০০০/- (এক হাজার) টাকা প্রতি সেট (অফেরতযোগ্য), উপ-পরিচালক (হিসাব), ঘোআহিদ, বিউবো, পলাশ, নরসিংদীর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রদান করিতে হইবে। |
| ১২ | জামানত/বায়নার টাকা | ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা মাত্র (ফেরতযোগ্য)। উপ-পরিচালক (হিসাব), ঘোআহিদ, বিউবো, পলাশ, নরসিংদীর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে দাখিল করিতে হইবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। |
| ১৩ | দরপত্র বিক্রির স্থান ও ঠিকানা | ক) প্রধান প্রকৌশলী (উৎপাদন), বিউবো, ওয়াপদা ভবন, ঢাকা।<br>খ) নিম্নস্বাক্ষরকারীর পূর্বানুমতি গ্রহণপূর্বক জনতা ব্যাংক, পলাশ শাখা, নরসিংদী হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্র ক্রয় করা যাইবে। |
| ১৪ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ০৬/৩/২০১১ইং দপ্তর চলাকালীন সময় পর্যন্ত। |
| ১৫ | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | ০৭/৩/২০১১ইং সময় সকাল ১১-৩০টা পর্যন্ত। |
| ১৬ | দরপত্র গ্রহণের স্থান ও ঠিকানা | প্রধান রসায়নবিদ (প্ল্যান্ট), ঘোবিকে এর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে। |
| ১৭ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ০৭/৩/২০১১ইং সময় দুপুর ১২-০০ টায় দরপত্র ওপেনিং কমিটি কর্তৃক উপস্থিত দরদাতাদের অথবা তাঁহাদের প্রতিনিধিগণের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে প্রধান রসায়নবিদ (প্ল্যান্ট), ঘোবিকে এর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্স ও দরপত্রের বন্ধ খামসমূহ খোলা হইবে। |
| ১৮ | প্রাক দরপত্র সংক্রান্ত মিটিং এর স্থান | প্রযোজ্য নহে। |
| ১৯ | প্রাক দরপত্র সংক্রান্ত মিটিং এর তারিখ ও সময় | প্রযোজ্য নহে। |
| ২০ | টেন্ডার ভ্যালিডিটি | ১২০ (একশত বিশ) দিন। |
| ২১ | বিশেষ নির্দেশাবলী/শর্তাবলী | ক) পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন-২০০৮ এর শর্তাবলী ছাড়াও সিডিউলে বর্ণিত এবং বিউবোর্ড কর্তৃক নির্ধারিত ও যে কোন সময় আরোপিত শর্তাবলী মানিতে বাধ্য থাকিবেন।<br>খ) দরদাতাগণকে একক দরসহ সর্বমোট মূল্য অংকে এবং কথায় স্পষ্টাক্ষরে দরপত্রে লিখিতে হইবে।<br>গ) দরদাতাগণকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় (সিডিউলসহ) সীলসহ স্বাক্ষর করিতে হইবে।<br>ঘ) দরপত্রের সাথে ৫০০ গ্রাম কষ্টিক সোডা (ফেইক্স) এর নমুনা (সীল্ড এন্ড এয়ার টাইট) দাখিল করিতে হইবে। নমুনা পরীক্ষায় স্পেসিফিকেশন অনুযায়ী পাওয়া না গেলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।<br>ঙ) দরপত্রের সহিত কষ্টিক সোডা (ফ্লেইক্স) নমুনা দাখিল না করিলে দরপত্র না খুলিয়া দরদাতাকে দরপত্র ফেরত প্রদান করা হইবে এবং উহা বাতিল বলিয়া গণ্য হইবে।<br>চ) মালামালের পরিমাণ কমানো বা বাড়ানো কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণ করেন এবং কন্ট্রাক্ট এগ্রিমেন্টকারী দরদাতা প্রতিষ্ঠানকে উপরোল্লিখিত সময়সীমার মধ্যে সংযুক্ত সিডিউল অনুযায়ী ও ভারপ্রাপ্ত কর্মকর্তার নির্দেশ মোতাবেক সমুদয় মালামাল অত্র বিদ্যুৎ কেন্দ্রের স্টোরে সরবরাহ করিতে হইবে।<br>ছ) সরকারের নির্বাহী আদেশে অথবা অনিবার্য কারণবশতঃ শুধুমাত্র দরপত্র দাখিলের তারিখে দপ্তর বন্ধ থাকিলে পরবর্তী কার্যদিবসে দরপত্র দাখিল করা যাইবে এবং যথা নিয়মে উক্ত দরপত্র খোলা হইবে।<br>জ) যথাসময়ে সমুদয় মালামাল সরবরাহ করিতে ব্যর্থ হইলে বিউবোর্ডের প্রচলিত নিয়ম/পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন-২০০৮ এর নিয়ম মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হইবে।<br>ঝ) কর্তৃপক্ষ কর্তৃক কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |
| ২২ | মালামালের পূর্ণ বিবরণ (স্পেসিফিকেশন) | সিডিউলে বর্ণিত আছে। |

**মোঃ আব্দুল মান্নান**
আই. ডি. নং-৭-০০০৬
প্রধান রসায়নবিদ (প্ল্যান্ট)
ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র
বিউবো, পলাশ, নরসিংদী

বিদ্যুৎ/জন-৮৬০(৪)/১০/২/১১
জিডি-৭৬৭

# সেবায় ও ত্যাগে রহিব সমুজ্জ্বল



## ২৮তম সরাসরি স্বল্প মেয়াদী কমিশন (এ এফ এন এস)
### বাংলাদেশ আর্মড ফোর্সেস - নার্সিং সার্ভিসেস

**যোগ্যতা ঃ**

১। বয়স ঃ ০১ মে ২০১১ তারিখে বয়স অনুর্ধ্ব ২৬ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।
২। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিতা/বিধবা/তালাকপ্রাপ্ত।
৩। শিক্ষাগত যোগ্যতা ঃ বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত চার বছরের নার্সিং এবং ধাত্রী বিদ্যায় ডিপ্লোমা।
৪। জাতীয়তা ঃ বাংলাদেশী (মহিলা নাগরিক)।
৫। শারীরিক যোগ্যতা (ন্যূনতম) ঃ
ক। উচ্চতা ঃ ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি)।
খ। ওজন ঃ ৪০.৮২ কিলোগ্রাম (৯০ পাউন্ড)।
গ। বুক ঃ স্বাভাবিক ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)। প্রসারণ ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।

**অযোগ্যতা ঃ**

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা অন্য কোন সরকারী চাকুরী হতে অপসারিত / বরখাস্ত।
৭। এ এফ এন এস কমিশনের নির্বাচন পর্ষদ কর্তৃক ইতোপূর্বে দু'বার অযোগ্য ঘোষিত।
৮। আপিল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত ( শুধু উচ্চতা, বুকের মাপ ও ওজনের ক্ষেত্রে প্রয়োজনীয় মান অর্জিত হলে আবেদন করতে পারবে)।

**আবেদনপত্র সংগ্রহ পদ্ধতি ঃ**

৯। আবেদনপত্র প্রাপ্তির জন্য শুধু সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে "সেনাসদর, এজি শাখা, পিএ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস" এর অনূকুলে ১০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংগ্রহ করতে হবে। উল্লেখ্য, পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
১০। পরবর্তীতে উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যে কোন আবেদনপত্র প্রাপ্তির স্থানে জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

**প্রচারনায় ঃ পরিচালক, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস**

ISPR/ARMY/2011/892

**আবেদন পত্র প্রাপ্তিস্থান ঃ**

১১। ঢাকা, সাভার (ঢাকা), রাজেন্দ্রপুর (গাজীপুর), বগুড়া, রাজশাহী, কাদিরাবাদ (নাটোর), ঘাটাইল (টাংগাইল), ময়মনসিংহ, কুমিল্লা, জালালাবাদ (সিলেট), চট্টগ্রাম, যশোর, জাহানাবাদ (খুলনা), রংপুর এবং সৈয়দপুর (নীলফামারী) সেনানিবাস এর স্টেশন সদর দপ্তর সমূহ।
১২। সদর দপ্তর রিক্রুটিং ইউনিট, আজিমপুর (ঢাকা), সদর দপ্তর বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (১৬০ কাকরাইল, ঢাকা), জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কুষ্টিয়া, বগুড়া, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, যশোর, সিলেট, খুলনা, ময়মনসিংহ, নোয়াখালী, দিনাজপুর, ফরিদপুর, জামালপুর, পাবনা, পটুয়াখালী, রংপুর, টাংগাইল, রাজশাহী ও পার্বত্য চট্টগ্রাম (রাজবাড়ী, রাঙ্গামাটি) এর অফিসসমূহে এবং সদর দপ্তর বিএনসিসি (৩২ ঈশা খাঁ এভিনিউ, সেক্টর নম্বর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা)।
১৩। আবেদনপত্র পূরণ ও জমা করণ। নিম্নবর্ণিত কাগজপত্র সহ আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করতঃ সরাসরি সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর (পিএ-২), ঢাকা সেনানিবাস এর ঠিকানায় প্রেরণ করতে হবে অথবা সেনাসদর প্রধান ভবনের প্রবেশ গেইটে রক্ষিত বাক্সে অথবা সেনাসদর প্রশাসনিক শাখা (সিআর সেকশন) এ নির্ধারিত তারিখের মধ্যে জমা করতে হবে। কোনক্রমেই আবেদনপত্র প্রাপ্তি স্থানে জমা করা যাবে না।
ক। গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ০৫ (পাঁচ) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।
খ। সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
গ। বর্তমান ঠিকানা সম্বলিত ৯"X ৪" মাপের দুটি খাম (খামে অবশ্যই বর্তমান ঠিকানা উল্লেখ করতে হবে।
ঘ। নার্সিং ডিপ্লোমা এবং মিডওয়াইফারী সম্পন্ন সনদ এবং রেজিষ্ট্রেশন পত্রের সত্যায়িত ফটোকপি।
ঙ। স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র (জাতীয়তা সনদপত্র স্থায়ী ঠিকানা হতে সংগ্রহ করতে হবে)।
চ। চাকুরীরত প্রার্থীগণকে নিজ নিজ সংস্থা /বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদন করতে হবে।
১৪। কোন প্রার্থী যদি লিখিত পরীক্ষার কল-আপ লেটার না পেয়ে থাকে তাহলে লিখিত পরীক্ষার দিন সকাল ০৭.৩০ ঘটিকায় ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে ডুপ্লিকেট কল-আপ লেটার সংগ্রহ করতে পারবে।

**সাধারণ নির্দেশনা ঃ**

১৫। আবেদনপত্র পূরণের নিয়মাবলী এবং অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য আবেদনপত্রের সংগে প্রদত্ত সাধারণ নির্দেশিকা পড়ুন।
১৬। লিখিত পরীক্ষা আগামী ১১ মার্চ ২০১১ তারিখে ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে যোগ্য প্রার্থীদের পত্র মারফত অবহিত করা হবে। লিখিত পরীক্ষার ফলাফল মার্চ ২০১১ এর চতুর্থ সপ্তাহে বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হবে।
১৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা এপ্রিল ২০১১ এর দ্বিতীয় সপ্তাহে ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে যোগ্য প্রার্থীদের পত্র মারফত অবহিত করা হবে।
১৮। মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা সিএমএইচ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন সম্পন্ন করা হবে।
১৯। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের কমিশনোত্তর প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে যোগদানের তারিখ হতে সরাসরি লেফটেন্যান্ট (এ এফ এন এস) পদবী প্রদান করা হবে এবং কৃতকার্যের সাথে প্রশিক্ষন সমাপ্তির পর কমিশন কার্যকর হবে।
২০। এ এফ এন এস কমিশন বাংলাদেশ সশস্ত্র বাহিনীর অন্যান্য কমিশন হতে সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির কমিশন। এ এফ এন এস অফিসারগণ এ এফ এন এস এ্যাক্ট ১৯৫২, এ এফ এন এস রুল ১৯৬৯, এ আই ৩/৮৮ এবং পরবর্তী এতদসম্পর্কীয় সকল সংশোধনী মোতাবেক চাকুরীতে নিয়োজিত থাকবেন।
২১। নির্বাচন পর্ষদে উপস্থিত হবার জন্য যথাসময়ে পত্র প্রেরণ করা হবে। এ বিষয়ে কোন ভ্রমন ভাতা প্রদান করা হবে না।
২২। আবেদনপত্র প্রেরণের খামের উপর "এ এফ এন এস" কথাটি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

**বিশেষ তথ্যাবলী ঃ**

২৩। প্রারম্ভিক মূল বেতন ৭১৫০/= টাকা সহমূল বেতনের প্রায় ৮০% অন্যান্য ভাতাদি।

**অন্যান্য সুবিধাদি ঃ**

২৪। বিনামূল্যে বাসস্থান, আসবাবপত্র, নিজ ও পরিবারবর্গসহ ভৃত্যের চিকিৎসা এবং স্বল্প মূল্যে বিদ্যুৎ পানিসহ প্রচলিত নিয়মানুযায়ী প্রাসঙ্গিক সুবিধাদি।



**আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৮ ফেব্রুয়ারী ২০১১**

অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ
কমিশন তথ্য সেল ঃ ৮৮৭১২৩৪ বর্ধিতঃ ২৪৮২ অথবা ৮৮৭২৪৯৬ (সরাসরি)
সেনাবাহিনী ওয়েব সাইট ঃ www.army.mil.bd.

GD - 793